**Times Today BD**

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 05 May, 2025

শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান গ্রীণ সোলজার পাবলিক স্কুলে অনুষ্ঠিত হয়েছে বৃক্ষরোপণ কর্মসূচি-২০২৫।

সোমবার (৫ মে) দুপুর ৩টায় স্কুল প্রাঙ্গণে আয়োজিত এ কর্মসূচিতে সভাপতিত্ব করেন ঝিনাইগাতীর বিশিষ্ট রাজনীতিবিদ ও সাবেক উপজেলা চেয়ারম্যান মোঃ আমিনুল ইসলাম বাদশা।

উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন প্রজাতির গাছের চারা রোপণ করা হয়। এতে স্কুলের শিক্ষক-শিক্ষার্থীসহ স্থানীয় বাসিন্দারাও অংশ নেন।

স্কুলের পরিচালক এস. এম. আতিকুর রহমান বলেন, “তোমরা নিজেরা গাছ লাগাবে ও তার যত্ন নিবে।এক বছর পর আমরা তোমাদের বাড়িতে গিয়ে দেখবো কার গাছ ভালো হয়েছে, কে ভালো ফল পেয়েছে। তাদেরকে আমরা পুরস্কৃত করবো। আমরা নিজেরা গাছ লাগাবো এবং অন্যকেও উৎসাহিত করবো, যাতে সবাই মিলে পরিবেশ রক্ষা করি এবং ফলভোগ করতে পারি।”

এই কর্মসূচির মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে পরিবেশ সচেতনতা তৈরি এবং প্রকৃতির প্রতি ভালোবাসা গড়ে তোলার লক্ষ্যে গুরুত্বারোপ করা হয়।

অনুষ্ঠানের সৌজন্যে ছিলেন স্থানীয় সমাজসেবক আফছার কিবরিয়া।

বৃক্ষরোপণ কর্মসূচি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 17:35

URL: https://www.timestodaybd.com/mymensingh/1962440056